দৈনিক সংবাদ

তারিখ 08 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ১

কৃষি বিশ্ববিদ্যালয়

# নির্বাচিত হয়েছিল ৫৭০, ভর্তি হয়েছে ২৮২ জন

॥ সুদীপ্ত দাস ॥

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৭ই জুন।– গত ৬ই জুন ছিল বিশ্ববিদ্যালয়ে প্রথম পর্ব (সেশনঃ ১৯৯৪-৯৫) ভর্তির জন্য মেধা তালিকায় উত্তীর্ণ ৫৭০ জনের ভর্তির তারিখ। কিন্তু মেধা তালিকা থেকে ভর্তি হয়েছে মাত্র দু'শ' বিরাশিজন, যা মেধা তালিকায় উত্তীর্ণদের অর্ধেকেরও কম। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রথম পর্বের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ৫৭০ জনের মেধা তালিকার পাশাপাশি সংবাদপত্রে

কৃঃ বিঃ পৃঃ ২ কঃ ৩

## কৃঃ বিঃ ভর্তি

(১ম পৃষ্ঠার পর)

২৭৫ জনের একটি অপেক্ষমাণ তালিকাও ঘোষণা করেছিলেন। উল্লেখ্য, এবার ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছিলো প্রায় ৬ হাজার শিক্ষার্থী।

মেধা তালিকা থেকে কেউ ভর্তি না হলে ৮ই জুন এ অপেক্ষমাণ তালিকা থেকে খালি আসনগুলো পূরণ করার কথা। কিন্তু এখন দেখা যাচ্ছে অপেক্ষমাণ তালিকার প্রত্যেকে ভর্তি হলেও আরো তেরটি আসন খালি থাকবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক ডঃ মোনায়েম দাসের সাথে যোগাযোগ করা হলে তিনি এ প্রতিবেদককে জানান, অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর শূন্য আসনগুলো পূরণের জন্য আগামী সপ্তাহে পুনরায় অপর একটি মেধা তালিকা সংবাদপত্রে প্রকাশ করা হবে।

কম ছাত্র ভর্তি হওয়ার ব্যাপারে অভিজ্ঞ মহলের অভিমত, বিশ্ববিদ্যালয়ে পাহাড়প্রমাণ সেশনজট ছাত্রছাত্রীদের এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগ্রহ কমিয়ে দিচ্ছে। এছাড়া এ বছর সবক'টি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা এক সময়ে সম্পন্ন হওয়াতে অনেকে একাধিক জায়গায় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এর ফলে 'বেটার চান্স' পাওয়া ছাত্রছাত্রীরা এখানে আসেনি।